দেশের চলমান পরিস্থিতি নিয়ে দুপুরে বিএনপির সংবাদ সম্মেলন



সংগৃহীত ছবি

দেশের চলমান রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি নিয়ে জনসাধারণকে তথ্য দেয়ার জন্য মঙ্গলবার (১১ নভেম্বর) দুপুর ১২টায় বিএনপি সংবাদ সম্মেলনের আয়োজন করেছে। এটি গুলশানের দলের চেয়ারপারসনের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

বিএনপির মিডিয়া সেল জানিয়েছে, সোমবার রাতের স্থায়ী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তগুলো জানাতে এই সংবাদ সম্মেলন ডাকা হয়েছে। এতে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ অন্যান্য স্থায়ী কমিটির সদস্যরা উপস্থিত থাকবেন।

প্রসঙ্গত, দলের স্থায়র সদস্যদের আলোচনার পর সোমবার রাত সোয়া ৯টা থেকে শুরু হওয়া সভা রাত সোয়া ১১টায় শেষ হয়।

LENS ASIA